

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৫৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪. মসজিদে বাতি জ্বালানো

باب فِي السُّرُجِ فِي الْمَسَاجِدِ

আরবী

حَدَّثَنَا النُّفَيْلِيُّ، حَدَّثَنَا مِسْكِينُ، عَنْ سَعِيدِ بْنِ عَبْدِ الْعَزِيزِ، عَنْ زِيَادِ بْنِ أَبِي سَوْدَةَ، عَنْ مَيْمُونَةَ، مَوْلَاةِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهَا قَالَتْ يَا رَسُولَ اللهِ أَفْتِنَا فِي بَيْتِ الْمَقْدِسِ فَقَالَ " الْتُوهُ فَصَلُّوا فِيهِ". _ وَكَانَتِ الْبِلَادُ إِذْ ذَاكَ حَرْبًا _ فَإِنْ لَمْ تَأْتُوهُ وَتُصَلُّوا فِيهِ قَادِيلِهِ " .

_ ضعیف

বাংলা

৪৫৭। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মুক্ত দাসী মায়মূনাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, হে আল্লাহর রসূল! বায়তুল মারুদিস (মাসজিদুল আরুসা) সম্পর্কে আমাদের জন্য আপনার অভিমত কি? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা সেখানে গিয়ে সালাত আদায় করতে পার। ঐ সময় শহরটি শক্রদের দখলে ছিল। (সেজন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন) তোমরা সেখানে গিয়ে সালাত আদায় করতে না পারলে সেখানে বাতি জ্বালানোর জন্য তেল পাঠিয়ে দিও।[1]

দুর্বল।

English

Narrated Maymunah ibn Sa'd:

I said: Messenger of Allah, tell us the legal injunction about (visiting) Bayt al-Muqaddas (the dome of the Rock at Jerusalem). The Messenger of Allah (ﷺ) said: go and pray there. All the cities at that time were effected by war. If



you cannot visit it and pray there, then send some oil to be used in the lamps.

ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত কায়িম, অনুঃ বায়তুল মুকাদ্দাস মসজিদে সালাত আদায় সম্পর্কে, হাহঃ ১৪০৭), যিয়াদ ইবনু আবৃ সাওদাহ সূত্র তার ভাই 'উসমান ইবনু আবৃ সমাদাহ থেকে মায়মুনাহ সূত্রে। যাওয়ায়িদ গ্রন্থে রয়েছে, 'আবৃ দাউদ এর অংশ বিশেষ বর্ণনা করেছেন- ইবনু মাজাহর সনদ সহীহ, রিজাল নির্ভরযোগ্য এবং আবৃ দাউদের সনদের চেয়ে বিশুদ্ধ।' এবং আহমাদ (৬/৪৬৩) যিয়াদ সূত্রে তার ভাই থেকে। এটি দুর্বল।

হাদীস থেকে শিক্ষাঃ

- 🕽 । বায়তুল মারুদিস একটি ফাযীলাতপূর্ণ মাসজিদ।
- ২। সালাত আদায়ের উদ্দেশ্যে ভ্রমণ করা জায়িয।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ মাইমূনাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন